

১৬। নিবন্ধন হইতে অব্যাহতি।— (১) সরকার, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, কোন ব্যক্তি বা ব্যক্তিশ্রেণীকে তাহার বা তাহাদের করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদান হইতে প্রাপ্য বা প্রাপ্ত বার্ষিক টার্নওভার এর ভিত্তিতে ধারা ১৫ এর অধীনে নিবন্ধনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন অব্যাহতি শুধু এমন ব্যক্তি বা ব্যক্তিশ্রেণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে যাহার বা যাহাদের উক্তরূপ প্রাপ্য বা প্রাপ্ত বার্ষিক টার্নওভার এর পরিমাণ সরকার কর্তৃক প্রজ্ঞাপন দ্বারা, সময় সময়, নির্ধারিত অংকের অধিক না হয়।

(২) বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, যে কোন শ্রেণীর আমদানিকারক বা রপ্তানিকারককে নিবন্ধনের আবশ্যিকতা হইতে অব্যাহতি দিতে পারিবে।